



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

www.sylhetboard.gov.bd

স্মারক নং : ৩৭.১৪.৯১০০.০০০.৫০০.২১.০০০১.২৫-৭০১

তারিখ : ০৫ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ
১৯ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয় : এইচএসসি পরীক্ষা-২০২৫ এর মতবিনিময় সভা ও পরীক্ষার মালামাল সরবরাহ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট - এর অধীনে অনুষ্ঠিতব্য ২০২৫ সালের এইচএসসি পরীক্ষা সুষ্ঠু, নকলমুক্ত ও রীতিমতভাবে অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নে বর্ণিত তারিখ সমূহে সকাল ১০.০০ ঘটিকায় মতবিনিময় সভা সিলেট শিক্ষা বোর্ডের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্ট কেন্দ্র সমূহের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


মতবিনিময় সভা শেষে বরাদ্দকৃত পরীক্ষার উপকরণাদি/মালামালসমূহ সরবরাহ করা হবে। পরীক্ষার উপকরণ/মালামাল গ্রহণের নিমিত্তে কলেজের প্যাডে আবেদনপত্র/প্রাধিকারপত্র জমা দিতে হবে।

মৌসুমী বায়ু সক্রিয় থাকায় ঝড়-বাদলের আশংকায় পরীক্ষার উপকরণ/মালামাল পরিবহনের ক্ষেত্রে উপযুক্ত বাহন ও পর্যাপ্ত নিরাপত্তামূলক ব্যবস্থাসহ পূর্ব প্রস্তুতি নিয়ে আসার জন্য কেন্দ্রসমূহের সম্মানিত ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুরোধ করা হলো। এক্ষেত্রে উপযুক্ত কাভার্ড ভ্যান নিয়ে আসার জন্য পরামর্শ প্রদান করা হলো।

মালামাল বিতরণের সময়সূচি

জেলার নাম ও কেন্দ্র নম্বর	তারিখ	সময়
সুনামগঞ্জ জেলার সকল কেন্দ্র ও সিলেট জেলার ১০০ থেকে ১০৪ কেন্দ্র	২৫ মে, ২০২৫ খ্রি. রবিবার	সকাল ১০টা হতে বেলা ৩টা
মৌলভীবাজার জেলার সকল কেন্দ্র ও সিলেট জেলার ১০৫ থেকে ১০৮ কেন্দ্র	২৬ মে, ২০২৫ খ্রি. সোমবার	সকাল ১০টা হতে বেলা ৩টা
হবিগঞ্জ জেলার সকল কেন্দ্র ও সিলেট জেলার ১০৯ থেকে ১১৩ কেন্দ্র	২৭ মে, ২০২৫ খ্রি. মঙ্গলবার	সকাল ১০টা হতে বেলা ৩টা
সিলেট জেলার অবশিষ্ট কেন্দ্র সমূহ	২৮ মে, ২০২৫ খ্রি. বুধবার	সকাল ১০টা হতে বেলা ৩টা

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে


পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

e-mail : chairmanbisesyl@gmail.com

প্রাপক : ভারপ্রাপ্ত কর্মকর্তা

২০২৫ সালের এইচএসসি পরীক্ষা কেন্দ্র

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

অবগতি ও কার্যার্থে অনুলিপি :

- পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
- সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট - বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
- চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
- সংরক্ষণ নথি।